গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.১৩৮.১৭ (অংশ-১)-৯২৪

তারিখঃ ১০-০৩-১৪২৬ বঙ্গাব্দ
২৪-০৬-২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গত ০৭ এপ্রিল, ২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৯) প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৭ এপ্রিল, ২০১৯ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন/তথ্যাদি আগামী ০১-০৭-২০১৯ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের সমন্বয় শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-২০১৯ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০১৯) প্রতিবেদন আগামী ০১-০৭-২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, দপ্তর/সংস্থা সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী (কপি সংযুক্ত) তাঁর দপ্তর/সংস্থার ২০১৮-২০১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লেখিত প্রতিটি লক্ষ্যমাত্রার প্রকৃত অর্জন মূল্যায়ন করে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ০১-০৭-২০১৯ তারিখের মধ্যে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: বর্ণনামতে

২৪/০৬/১৯

(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৫৬১
ইমেইল: (csmoys66@gmail.com)

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
২। পরিচালক (অতিরিক্ত সচিব), ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
৪। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৫। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশ ও ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন
অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯-এর মূল্যায়ন সংক্রান্ত নির্দেশিকা

মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লেখিত প্রতিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকৃত অর্জন মূল্যায়ন করা প্রয়োজন।

২। মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০১৮-১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি ও পদ্ধতি অনুসরণ করতে হবে :

- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে স্ব স্ব দপ্তর/সংস্থার প্রতিটি কার্যক্রমের আওতায় উল্লেখিত প্রতিটি সূচকের বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করতে হবে;
- দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত প্রতিটি কার্যক্রমের বিপরীতে অর্জিত ফলাফল উল্লেখপূর্বক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে;
- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে প্রতিটি কার্যক্রমের বিপরীতে দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অর্জন সংক্রান্ত তথ্যাদি এবং প্রমাণকসমূহ যথাযথভাবে যাচাই করতে হবে এবং এ সকল প্রমাণক/তথ্যের যথার্থতা নিরূপণ করতে হবে;
- দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটি সরেজমিনে যাচাইঅন্তে অর্জনের সপক্ষে প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক প্রমাণকসমূহ সংরক্ষণ করবেন এবং জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট ও মন্ত্রণালয়/বিভাগের নৈতিকতা কমিটি-এর চাহিদা মোতাবেক তা তাৎক্ষণিকভাবে সরবরাহ করবে;
- প্রমাণকের কলেবর বিবেচনা করে ক্ষেত্রবিশেষে নৈতিকতা কমিটি কর্তৃক প্রকৃত অর্জনের সপক্ষে প্রয়োজনীয় দলিলাদি পিডিএফ আকারে ওয়েবসাইটে আপলোড করা যেতে পারে;
- নৈতিকতা কমিটি কর্তৃক পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনান্তে ২০১৮-১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর অনুমোদিত মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে।

৩। ২০১৮-১৯ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর মূল্যায়ন:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | নম্বর প্রদান পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা……………………………………১১ | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, নির্ধারিত ত্রৈমাসিকের সভা পরবর্তী সময়ে আয়োজন করা হলে প্রতিটি সভার বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | প্রতি ত্রৈমাসিকে আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ১.৩ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ১ | তারিখ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে।<br>উল্লেখ্য, শুদ্ধাচার সংক্রান্ত সেবাবক্সে ১. বার্ষিক কর্ম-পরিকল্পনা; ২. ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি; ৩. প্রজ্ঞাপন/নীতিমালা/পরিপত্র/কার্যবিবরণী; এবং ৪. যোগাযোগ-এই চারটি লিঙ্কে তথ্যাদি হালনাগাদ করে আপলোড করতে হবে। |
| ১.৪ উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | উত্তম চর্চার তালিকা প্রেরিত | ২ | তারিখ | ২০ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা শাখায় প্রেরণ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | নম্বর প্রদান পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| **২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন.............................. ৭** | | | | |
| ২.১ অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ২.২ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন | অংশগ্রহণকারী / প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | প্রশিক্ষণের অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থীর মোট সংখ্যার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ২.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থী | ২ | সংখ্যা | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রশিক্ষণার্থীর মোট সংখ্যার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| **৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন.............১০** | | | | |
| ৩.১ | | | | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন / বিধি / নীতিমালা / ম্যানুয়েল ও প্রজ্ঞাপন / পরিপত্র-এর বাস্তবায়নের ক্ষেত্রে কোন্ আইন / বিধি / নীতিমালা / ম্যানুয়েল ও প্রজ্ঞাপন / পরিপত্র বাস্তবায়ন করা হবে তার নামসহ কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়নের ক্ষেত্রে কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া সাপেক্ষে এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। অন্যথায় কোন নম্বর প্রদান করা যাবে না। |
| ৩.২ | | | | |
| ৩.৩ | | | | |
| **৪. তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম ........................১৪** | | | | |
| ৪.১ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ১ | তারিখ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূরণ নম্বর পাওয়া যাবে।<br>এক্ষেত্রে, তথ্য অধিকার সংক্রান্ত সেবাবক্সে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ, প্রধান তথ্য কমিশনার ও তথ্য কমিশনারগণ এবং আরটিআই কমিটিসমূহ, তথ্য প্রাপ্তির আবেদন/আপিল/অভিযোগ ফরম, বাস্তবায়ন নির্দেশিকা, তবে অবমুক্তকরণ নীতিমালা প্রণয়ন সহায়িকা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য অধিকার বাস্তবায়ন পরিকল্পনা, আইন/বিধি/কৌশল এবং প্রাসঙ্গিক হালনাগাদ তথ্যাদি সন্নিবেশ করতে হবে। |
| ৪.২ তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পাদন | অনলাইন প্রশিক্ষণের সনদপ্রাপ্ত | ২ | তারিখ | তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লক্ষ্যমাত্রায় বর্ণিত সময়ে অনলাইন প্রশিক্ষণ সম্পাদন করলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি মাসের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | নম্বর প্রদান পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ৪.৩ দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ | তথ্য বাতায়নে সংযোজিত ও কর্মকর্তা-কর্মচারী অবহিত | ১ | তারিখ | দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে লক্ষ্যমাত্রায় উল্লেখিত তারিখের মধ্যে দৃশ্যমান স্থানে সংযুক্ত করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে বা তথ্য বাতায়নে দৃশ্যমান না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |
| ৪.৪ তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | ২ | তারিখ | তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। |
| ৪.৫ তথ্য অধিকার আইন, ২০০৯; জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ | কর্মকর্তা-কর্মচারী অবহিত | ৬ | সংখ্যা | তথ্য অধিকার আইন, ২০০৯; জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে অবহিত কর্মকর্তা-কর্মচারীদের লক্ষ্যমাত্রায় উল্লেখিত মোট সংখ্যার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ৪.৬ স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | হালনাগাদকৃত নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশিত মর্মে দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। |
| **৫. ই-গভর্নেন্স বাস্তবায়ন.................................১৩** | | | | |
| ৫.১ দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/এসএমএস)-এর ব্যবহার | ই-মেইল/ এসএমএস ব্যবহৃত | ২ | % | দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স-এর ব্যবহার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ৫.২ ভিডিও/অনলাইন/ টেলি-কনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেন্জার, ভাইবার ব্যবহারসহ) | কনফারেন্স অনুষ্ঠিত | ৩ | সংখ্যা | ভিডিও / অনলাইন / টেলি-কনফারেন্স আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ৫.৩ দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার | ইউনিকোড ব্যবহৃত | ২ | % | দাপ্তরিক সকল কাজে শতভাগ ইউনিকোড ব্যবহার করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। এক্ষেত্রে উপযুক্ত কারণ ব্যতীত এর ব্যত্যয় হলে/ব্যত্যয়ের প্রমাণ পাওয়া গেলে পূর্ণ নম্বর কর্তন হবে। |
| ৫.৪ ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন | ই-টেন্ডার সম্পাদিত | ২ | % | ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ৫.৫ চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ | অনলাইন/ই-সেবার ব্যবহার পরিবীক্ষণকৃত | ২ | % | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | নম্বর প্রদান পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ৫.৬ নাগরিক সমস্যা সমাধানে সোশ্যাল মিডিয়া ব্যবহার | নাগরিক সমস্যা সমাধানকৃত | ২ | % | মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারিকৃত সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬ অনুযায়ী দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়া ব্যবহার করে লক্ষ্যমাত্রা অনুযায়ী নাগরিক সমস্যার সমাধান করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| **৬. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ....................৫** | | | | |
| ৬.১ বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন | কর্ম-পরিকল্পনা প্রণীত | ১ | তারিখ | ১৪ আগস্ট ২০১৮ তারিখের মধ্যে বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |
| ৬.২ বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম বাস্তবায়ন | বাস্তবায়িত উদ্ভাবনী কার্যক্রম | ২ | % | বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমের বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিক হারে নম্বর কর্তন হবে। |
| ৬.৩ চালুকৃত উদ্ভাবন উদ্যোগ/সহজিকৃত সেবা পরিবীক্ষণ | চালুকৃত সেবা পরিবীক্ষণকৃত | ২ | % | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| **৭. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ.........................১৪** | | | | |
| ৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয়-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন | ক্রয়-পরিকল্পনা প্রণীত | ৩ | তারিখ | ২০১৮-১৯ অর্থ-বছরের ১ম ত্রৈমাসিকের মধ্যে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি মাসের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |
| ৭.২ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | ওয়েবসাইটে হালনাগাদকৃত | ১ | তারিখ | স্ব স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে।<br>উল্লেখ্য, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত সেবাবক্সে ১. অনিক ও আপিল কর্মকর্তা; ২. নীতিমালা/নির্দেশিকা/পরিপত্র; ৩. অভিযোগ ও প্রতিকারের পরিসংখ্যান; এবং ৪. অনলাইন আবেদন- এই চারটি লিঙ্কে তথ্যাদি হালনাগাদ করে আপলোড করতে হবে। |
| ৭.৩ দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণকৃত | ৪ | % | লক্ষ্যমাত্রার বিপরীতে অরজন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ৭.৪ দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন | পরিদর্শন/আকস্মিক পরিদর্শন সম্পন্ন | ২ | সংখ্যা | পরিদর্শন/আকস্মিক পরিদর্শনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | নম্বর প্রদান পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ৭.৫ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | নথি শ্রেণি বিন্যাসকৃত | ৪ | % | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি-বিন্যাসকরণ লক্ষ্যমাত্রার বিপরীতে পূর্ণ নম্বর দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| ৭.৬ গণশুনানি আয়োজন | আয়োজিত গণশুনানি | ২ | সংখ্যা | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী গণশুনানি আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে মোট অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন নির্ধারিত তারিখের মধ্যে না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| **৮. মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম…...............৬** | | | | |
| ৮.১ | | | | দপ্তর/সংস্থার শুদ্ধাচার-সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের ক্ষেত্রে কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া সাপেক্ষে এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। অন্যথায় কোন নম্বর প্রদান করা যাবে না। |
| ৮.২ | | | | |
| ৮.৩ | | | | |
| **৯. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান.............................৩** | | | | |
| ৯.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪ .০৪২.১৬.০৫৩ নম্বর স্পষ্টীকরণ পত্র অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান | প্রদত্ত পুরস্কার | ৩ | তারিখ | ২০১৮-১৯ অর্থ-বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন নির্ধারিত তারিখের মধ্যে না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.৫০ করে নম্বর কর্তন হবে। |
| **১০. অর্থ বরাদ্দ.........................................................................৫** | | | | |
| ১০.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | বরাদ্দকৃত অর্থ | ৫ | লক্ষ টাকা | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ব্যয়ের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |
| **১১. পরিবীক্ষণ ও মূল্যায়ন…...............................১০** | | | | |
| ১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দাখিল | প্রণীত কর্ম-পরিকল্পনা দাখিলকৃত | ৩ | তারিখ | ৩ জুলাই ২০১৮ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়ন করে মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দাখিল করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন নির্ধারিত তারিখের মধ্যে না হলে প্রতিদিনের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |
| ১১.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দাখিল | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | ২ | সংখ্যা | প্রত্যেক ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দাখিল করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন নির্ধারিত তারিখের মধ্যে না হলে বিলম্বে দাখিলকৃত প্রতিটি প্রতিবেদনের জন্য ০.৫০ করে নম্বর কর্তন হবে। |
| ১১.৩ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নির্দেশনা প্রদান | নির্দেশনা প্রদত্ত | ১ | তারিখ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়কে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নির্দেশনা প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। বিলম্বে নির্দেশনা প্রদানের ক্ষেত্রে প্রতি সপ্তাহের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | নম্বর প্রদান পদ্ধতি |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ১১.৪ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত কর্মশালা আয়োজন | আয়োজিত কর্মশালা | ২ | তারিখ | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নের নিমিত্ত লক্ষ্যমাত্রা অনুসারে কর্মশালা আয়োজন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে বিলম্বে আয়োজনের ক্ষেত্রে প্রতি সপ্তাহের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। |
| ১১.৫ আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | অনুষ্ঠিত ফিডব্যাক সভা | ২ | সংখ্যা | আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর লক্ষ্যমাত্রা অনুসারে ফিডব্যাক প্রদান করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা অর্জিত না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। |

৪। Rules of Business, Allocation of Business, আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কর্মবণ্টন অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর কোনো কার্যক্রম উক্ত মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য না হলে বর্ণিত কার্যক্রমের বিপরীতে প্রদেয় নম্বর বাদ দিয়ে শতাংশ নির্ধারণ করা হবে।

৫। জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট মূল্যায়ন পরিবীক্ষণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এবং তার আওতাধীন দপ্তর/সংস্থা ও মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট অধিশাখা/শাখা থেকে তথ্য সংগ্রহ করবে।

৬। দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদন স্ব স্ব দপ্তর/সংস্থার শুদ্ধাচার ফোকাল পয়েন্টসহ নৈতিকতা কমিটির সদস্যগণের উপস্থিতিতে মন্ত্রণালয়/বিভাগের নৈতিকতা কমিটির সভায় পর্যালোচনা করা হবে।

৭। মন্ত্রণালয়/বিভাগের নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং ক্ষেত্রেবিশেষে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিট দৈবচয়ণের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনে অন্তর্ভুক্ত নির্ধারিত কার্যক্রমের বিপরীতে প্রকৃত অর্জন যাচাই করতে পারবে।

৮। মন্ত্রণালয়/বিভাগের নৈতিকতা কমিটি কর্তৃক যাচাইঅন্তে প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো মূল্যায়ন প্রতিবেদন আকারে মন্ত্রিপরিষদ সচিব সমীপে উপস্থাপন করবে। মন্ত্রিপরিষদ সচিব কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুসারে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।